**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 13-09-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, ত্রিস্তর পঞ্চায়েতের জনপ্রতিনিধিদেরও নিষ্ঠা ও স্বচ্ছতা বজায় রেখে জনকল্যাণে কাজ করতে হবে ।**

**(২) বিদ্যুত পরিবাহী ও সরবরাহকারী বেসরকারী সংস্থা ফিডকো-র সঙ্গে চুক্তি বাতিল করল রাজ্য সরকার ।**

**(৩) নতুন দিল্লির ভারত মণ্ডপমে আগামীকাল চতুর্থ অখিল ভারতীয় রাজভাষা সম্মেলন অনুষ্ঠিত হবে ।**

**(৪) চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতায় আজ টাউন ক্লাব বড় ব্যবধানে জয়লাভ করেছে ।**

****************************************

**Oath Taking-South :**

দক্ষিণ জেলার জিলা পরিষদের নবনির্বাচিত ১৭ জন সদস্য সদস্যা আজ শপথ গ্রহণ করেন। আজ বিলোনীয়ার শচীন দেববর্মণ অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে তাদের শপথ বাক্য পাঠ করান পঞ্চায়েত দপ্তরের অধিকর্তা প্রসূন দে। এরপর জিলা পরিষদের সভাধিপতি পদে দীপক দত্ত ও সহকারী সভাধিপতি তপন দেবনাথ শপথ গ্রহণ করেন। তাদের শপথবাক্য পাঠ করান পঞ্চায়েত দপ্তরের সচিব ড. সন্দীপ আর রাঠোর।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, সরকারের বিভিন্ন প্রকল্পের সুবিধা যেন সমাজের অন্তিম ব্যক্তি পর্যন্ত পৌঁছায় সেটা দেখা ত্রিস্তর পঞ্চায়েতের দায়িত্ব। ত্রিস্তর পঞ্চায়েতের জনপ্রতিনিধিদেরও নিষ্ঠা ও স্বচ্ছতা বজায় রেখে জনকল্যাণে কাজ করতে হবে। তিনি বলেন, জনপ্রতিনিধিদের কাজের মাধ্যমে জনগণের বিশ্বাস অর্জন করতে হবে। জনগণের বিভিন্ন সমস্যার কথা ধৈর্য সহ শুনতে হবে এবং সমাধানের চেষ্টা করতে হবে।

শপথ গ্রহণ অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, বিধায়ক মাইলাফ্লু মগ, প্রমোদ রিয়াং, স্বপ্না মজুমদার, জেলাশাসক স্মিতা মল প্রমুখ।

****************************

**POWER MINISTER :**

বিদ্যুত পরিবাহী ও সরবরাহকারী বেসরকারী সংস্থা ফিডকো-র সঙ্গে চুক্তি বাতিল করল রাজ্য সরকার। বিদ্যুত মন্ত্রী রতন লাল নাথ আজ মহাকরণে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, রাজ্যের ১০টি বিদ্যুত মহকুমা সাব্রুম, সাতচাঁদ, আমবাসা, গন্ডাছড়া, মনু, ছামনু, মোহনপুর, হেজামারা, লেফুঙ্গা, বামুটিয়ায় বিদ্যুত সরবরাহের জন্য ২০২০ সালের পয়লা জুলাই ফিড কো-র সঙ্গে ১০ বছরের চুক্তি সাক্ষরিত হয়। চুক্তির অন্যতম শর্ত ছিল গ্রাহক পরিসেবা প্রদান ও নিয়মিত বিদ্যুত পরিবাহী ব্যবস্থার মেরামত করা ও গ্রাহকদের কাছ থেকে বকেয়া বিদ্যুত বিল আদায় করা। কিন্তু এই শর্তগুলি পূরণে ফিডকো ব্যর্থ হয়। বিদ্যুৎমন্ত্রী জানান, এই সমস্ত কারণে ফিডকোর সঙ্গে চুক্তি বাতিল করে আজ থেকে এই ১০টি বিদ্যুত মহকুমার বিদ্যুত সরবরাহ, পরিবাহী সব বিষয়ে দেখভাল করার দায়িত্ব দেওয়া হয়েছে ত্রিপুরা রাজ্য বিদ্যুত নিগমকে।

****************************

**CM-relief :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের বন্যা পীড়িত মানুষের সহায়তায় বিভিন্ন সামাজিক সংস্থা, ব্যবসায়ী, শিক্ষক, কর্মচারি সহ সকলস্তরের মানুষ যেভাবে এগিয়ে এসেছেন তা এককথায় অভাবনীয়। আজ বিলোনীয়ার পূর্ব কলাবাড়িয়া গ্রাম পঞ্চায়েতের ভারত মাতা কমিউনিটি হলে এক ত্রাণ বিতরণী অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, বন্যায় যেসকল রাস্তাঘাট, পানীয়জলের উৎস, বিদ্যুৎ পরিষেবা, ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে সেগুলি সারাই করার কাজ চলছে। এখানে বন্যা পীড়িত ২০০টি পরিবারের মধ্যে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের নবনির্বাচিত সভাধিপতি দীপক দত্ত, ভারতচন্দ্রনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান পুতুল পাল বিশ্বাস প্রমুখ। ভারতীয় রেডক্রস সোসাইটির উদ্যোগে এই ত্রাণ বিতরণ এবং এক মেগা স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়।

*************************

**NIELIT Bishramganj Study Centre :**

সিপাহীজলা জেলার জেলা সদর বিশ্রামগঞ্জে আজ ন্যাশনাল ইনস্টিটিউট অফ ইলেকট্রনিক্স অ্যান্ড ইনফরমেশন টেকনোলজি অর্থাৎ NIELIT স্টাডি সেন্টারের উদ্বোধন করা হয়। এই স্টাডি সেন্টারে তপশিলী জাতি ও তপশিলি জনজাতি সম্প্রদায়ভুক্ত প্রশিক্ষণার্থীরা নিখরচায় কম্পিউটার সহ তথ্য প্রযুক্তি ক্ষেত্রের বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণ করতে পারবে। দশম মান থেকে স্নাতক, স্নাতকোত্তর স্তরের যেকোন বয়সের ছেলে-মেয়েরা এই প্রশিক্ষনের সুযোগ গ্রহণ করতে পারবে। এ উপলক্ষ্যে বিশ্রামগঞ্জ শচীন দেববর্মন স্মৃতি কলাক্ষেত্রে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক সুবোধ দেববর্মা, MDC উমাশঙ্কর দেববর্মা প্রমুখ।

**************************

**Train :**

আগরতলা বিলোনিয়ার মধ্যে আজ থেকে পুনরায় ডেমো রেল সার্ভিস শুরু হয়েছে। আগরতলা স্টেশন মাস্টার চন্দ্র মোহন শাহু জানান, বিলোনিয়া থেকে সাব্রুমে রেল চলাচল আপাতত বন্ধ থাকলেও রেললাইন সংস্কারের কাজ দ্রুতগতিতে চলছে।

****************************

**Sitaram Yechury :**

সিপিআইএম কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক প্রয়াত সীতারাম ইয়েচুরির প্রতি শ্রদ্ধা জানিয়ে আজ আগরতলা শহরে এক শোক মিছিলের আয়োজন করা হয়। দলীয় পতাকা অর্ধনমিত রেখে মিছিলে সামিল হন সিপিএম নেতাকর্মীরা।

বিলোনিয়াতেও এক শোক মিছিলের আয়োজন করা হয়। এতে উপস্থিত ছিলেন বিধায়ক দীপংকর সেন, অশোক কুমার মিত্র, প্রাক্তন বিধায়ক সুধন দাস, বাসুদেব মজুমদার, সিপিআইএম বিলোনিয়া মহকুমা সম্পাদক তাপস দত্ত প্রমুখ।

******************************

**Congress Press Meet :**

প্রদেশ কংগ্রেসের রাজ্যের দ্বায়িত্বপ্রাপ্ত AICC-র সচিব ক্রিস্টোফার তিলক অভিযোগ করেছেন রাজ্যে বেকারের সংখ্যা দিন দিন বেড়ে চলেছে। তিনি আরো অভিযোগ করেন, রাজ্যে অর্থনীতির বেহাল অবস্থা, ভয়াবহ বন্যা পরিস্থিতিতে সরকারের ভূমিকা উদাসীন। আজ প্রদেশ কংগ্রেস ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তিনি এইসব অভিযোগ করেন। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মন, গোপাল চন্দ্র রায়, কংগ্রেস নেতা পীযূষ বিশ্বাস।

******************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই মাসের ২৯ তারিখ, রবিবার আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানের ১১৪ তম পর্বে দেশ-বিদেশের জনগণের সঙ্গে তার চিন্তাভাবনা ভাগ করে নেবেন। 1800-11-7800 এই টোল ফ্রি নম্বরে জনগণ তাদের মতামত এবং পরামর্শ পাঠাতে পারেন। 1922 নম্বরে মিস কল দিয়ে প্রাপ্ত লিঙ্কে এসএমএসে করেও পরামর্শ পাঠাতে পারেন। নরেন্দ্র মোদী অ্যাপ বা MyGov ওপেন ফোরামের মাধ্যমেও মতামত পাঠানো যাবে। আসন্ন পর্বের জন্য পরামর্শ এই মাসের ২৭ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে।

****************************

**Raj Bhasha :**

নতুন দিল্লির ভারত মণ্ডপমে আগামীকাল চতুর্থ অখিল ভারতীয় রাজভাষা সম্মেলন অনুষ্ঠিত হবে। এই উপলক্ষে, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ হীরক জয়ন্তী বিশেষ সংস্করণের উদ্বোধন করবেন। হীরক জয়ন্তীকে স্মরণীয় করে রাখতে একটি স্মারক ডাকটিকিট ও স্মারক মুদ্রা প্রকাশ করা হবে।

***************************

**Online Portal for Swacchata Campaign :**

কেন্দ্রীয় মন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং আগামীকাল চতুর্থ পর্যায়ের বিশেষ স্বচ্ছতা অভিযানের অগ্রগতি পর্যবেক্ষণের জন্য একটি অনলাইন পোর্টাল চালু করবেন৷ সরকার স্বচ্ছতাকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে প্রতি বছর ২ থেকে ৩১শে অক্টোবর পর্যন্ত বিশেষ অভিযান পালনের সিদ্ধান্ত নিয়েছে। চতুর্থ পর্বের এই বিশেষ অভিযানের আগে আগামী ১৬ই সেপ্টেম্বর থেকে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত একটি প্রস্তুতিমূলক অভিযান হবে৷

*************************

**PNG-Udaipur :**

উদয়পুর পুর পরিষদ এলাকায় আজ থেকে বাড়ি বাড়ি রান্নার গ্যাস সংযোগের প্রক্রিয়া শুরু হয়েছে। অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় উদয়পুরের রাজর্ষি কলাক্ষেত্রে আয়োজিত এক অনুষ্ঠানে ৬৫০টি পরিবারের হাতে রান্নার গ্যাসের সংযোগের অনুমোদনপত্র তুলে ধরেন।

************************

**StAr Non Communicable Dieseas :**

সাধারণ নাগরিকের মধ্যে অসংক্রমিত রোগের চিকিৎসা পরিষেবাকে শক্তিশালী করতে ইণ্ডিয়ান কাউন্সিল ফর মেডিকেল রিসার্চ ICMR, STAR-NCD প্রকল্প বাস্তবায়নে ত্রিপুরার গোমতী জেলা সহ দেশের চারটি রাজ্যের চারটি জেলাকে বেছে নিয়েছে। আজ এই প্রকল্পের বিষয়ে ব্যখ্যা দেন দেশের বিশেষজ্ঞ চিকিৎসক দিল্লি AIIMS-এর অধ্যাপক ডাঃ নিখিল ট্যান্ডন, Centre for Chronic Dieseas Control CCDC-র অধ্যাপক ডা: প্রভাকরণ, ICMR-এর চিকিৎসক ডাঃ আসু গ্রোভার, ডাঃ রূপা শিবশংকর প্রমুখ। আজ আগরতলা প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে অধ্যাপক ডা: নিখিল ট্যান্ডন বলেন, রাজ্যে গতকাল মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা STAR- NCD প্রকল্পের সূচনা করেন। অধ্যাপক নিখিল ট্যান্ডন বলেন, পরিমিত আহার, ফাইবার যুক্ত খাদ্যগ্রহন, ফাস্ট ফুড, এলকোহল, পরিত্যগ করা ও নিয়মিত হাঁটা ও শরীর চর্চা করলে ডায়াবেটিস সহ এসব অসংক্রমক রোগ নিয়ন্ত্রণ সম্ভব। তিনি বলেন, পরিসংখ্যান অনুযায়ী উত্তর পূর্বাঞ্চলে সিকিমের পর ত্রিপুরাতে ডায়াবেটিস রোগে আক্রান্তের সংখ্যা বেশি। রাজ্যে মোট জনসংখ্যার অন্তত ১০ শতাংশ ডায়াবেটিসে আক্রান্ত বলে তিনি জানান। সাংবাদিক সম্মেলনে এন এইচ এম- এর রাজ্য মিশন প্রধান সমিত রায় চৌধুরীও উপস্থিত ছিলেন।

***************************

**State Level Hojagiri :**

রাজ্যভিত্তিক ৩২তম হজাগিরি উৎসব এবছর ঊনকোটি জেলার পেঁচারথল ব্লকের অন্তর্গত রামগুনাপাড়া দ্বাদশ শ্রেণি বিদ্যালয মাঠে অনুষ্ঠিত হবে। দু'দিনব্যাপী এই উৎসব অনুষ্ঠিত হবে আগামী ১৮ এবং ১৯শে অক্টোবর। আসন্ন রাজ্যভিত্তিক এই উৎসবকে সফল করে তুলতে আজ সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় এর উপস্থিতিতে কৈলাশহরে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে ব্রু সোসিও কালচারাল অর্গানাইজেশন এর সভাপতি শান্তিরায় রিয়াং জানান, উৎসবে ঐতিহ্যবাহী হজাগিরি নৃত্য পরিবেশন ছাড়াও থাকবে বাইশটি প্রদর্শনী মন্ডপ। তাছাড়া ব্রু সম্প্রদায়ের্ পরম্পরাগত প্রদর্শন ও থাকবে।

***************************

**Temple Inauguration :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ সাংবাদিকদের জানান, আগামী ১৬ই সেপ্টেম্বর মোহনপুরস্থিত বড়কাঁঠালে শান্তিকালি আশ্রমের নবনির্মিত সিদ্ধেশ্বরী মন্দিরের উদ্বোধন করা হবে। উদ্বোধনী অনুষ্ঠানে উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ ও আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মার উপস্থিত থাকার কথা রয়েছে।

*****************************

**Heroin Seized :**

উত্তর জেলার দামছড়ার কাজকাউ এলাকা থেকে পুলিশ আজ এক কেজি ২০০ গ্রাম হেরোইন আটক করেছে। উত্তর জেলার পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী জানান উদ্ধারকৃত হেরোইনের বাজার মূল্য প্রায় ১২ কোটি টাকা। এই ঘটনায় জড়িত থাকার অভিযোগে পুলিশ দুইজনকে গ্রেফতার করেছে।

*****************************

**PM-JANMAN-South :**

পিএম জনমন কর্মসূচির অঙ্গ হিসাবে আজ দক্ষিন জেলার বকাফা ব্লকের লাউগাংসম ভিলেজের লন্‌কাজয় পাড়া জেবি স্কুল ও বাইখোড়া ভিলেজের লক্ষীছড়া তহশীল অফিসে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। দুইটি শিবিরে স্থানীয় রিয়াং জনগোষ্ঠীর সুবিধাভোগীরা চিকিৎসা পরিষেবা, আধার কার্ড, উপজাতি শংসাপত্র, ত্রিপুরায় স্থায়ী বসবাসের শংসাপত্র, বিবাহের শংসাপত্র, পারিবারিক আয়ের শংসাপত্র এবং গৃহপালিত পশুর চিকিৎসা পরিষেবা প্রদান করা হয়।

****************************

**Eye surgery-South :**

আজ থেকে শান্তিরবাজারে দক্ষিন জেলা হাসপাতালে চোখের ছানি অপারেশন শুরু হয়েছে। প্রথম দিনে ৪ জন পুরুষ ও ৪ জন মহিলা রোগীর চোখের ছানির সফল অপারেশন করা হয়। চক্ষু বিশেষজ্ঞ ডঃ উমাকান্ত আচার্যের নেতৃত্বে স্বাস্‌হ্য কর্মীদের একটি টিম রোগীদের চোখের ছানি অপারেশন করেন।

****************************

**Anganwari :**

অঙ্গনওয়াড়ি কর্মীদের বেতন ২১ হাজার টাকা এবং সহায়িকাদের বেতন ১৬ হাজার টাকা করা, অঙ্গনওয়াড়ি কর্মীদের অবসরকালীন ভাতা ৫ হাজার ও সহায়িকাদের ৩ হাজার টাকা করা, তিন মাসের সবেতন মেডিকেল লিভ প্রদান করা ইত্যাদি দাবীতে পশ্চিম জেলার জেলাশাসকের মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে আজ স্মারকলিপি প্রদান করে ত্রিপুরা অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকা এসোসিয়েশন। স্মারকলিপি প্রদানের আগে একটি মিছিল রবীন্দ্র ভবনের সামনে থেকে শহর পরিক্রমা করে জমায়েত হয় জেলাশাসকের কার্যালয়ের সামনে।

************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দক্ষিণ জেলার দুই এক জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া পশ্চিম জেলা, ধলাই, সিপাহীজলা, খোয়াই ও গোমতী জেলাতেও বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে।

**************************

**Chandra Smriti League :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার খেলায় আজ টাউন ক্লাব বড় ব্যবধানে জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় টাউন ক্লাব ৬-০ গোলে ত্রিবেণী সংঘকে পরাজিত করে।

***********************